**AKASHVANI(AIR)**

**RNU: KOLKATA**

**Bengali Text Bulletin**

**Date 06-03-2026** **Time: 1.30 PM**

---

বিশেষ বিশেষ খবরঃ

১। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেছেন, কৃষিক্ষেত্র ভারতীয় অর্থনীতির মেরুদন্ড এবং দেশের দীর্ঘমেয়াদী উন্নয়নী যাত্রাপথের স্তম্ভ।

২। পশ্চিম এশিয়ায় সংঘাতের আজ সপ্তম দিনেও, মার্কিন –ইজরায়েল এবং ইরানের মধ্যে অভিযান ও পালটা অভিযান চলছে। আল-উদেইদ মার্কিন বায়ুসেনা ঘাটির ওপর ড্রোণ হামলা সফল ভাবে প্রতিহত করা গেছে বলে কাতারের দাবি।

#প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী এবং ফিনল্যান্ডের রাষ্ট্রপতি আলেকজান্ডার স্ট্যাব পশ্চিম এশিয়ার বর্তমান পরিস্থিতি নিয়ে আলোচনা করেছে।

৩। পশ্চিম এশিয়ার বর্তমান উত্তেজনার পরিপ্রেক্ষিতে দিল্লি বিমান বন্দর কর্তৃপক্ষ যাত্রীদের জন্য বিশেষ নির্দেশিকা জারী করেছে।

৪। মার্কিন যুক্তরাষ্ট্র ও ভেনেজুয়ালা আবার কূটনৈতিক সম্পর্ক স্থাপন করতে চলেছে।

৫। রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু আন্তর্জাতিক আদিবাসী সম্মেলনে যোগ দিতে আগামীকাল পশ্চিমবঙ্গে আসছেন ।

৬।পশ্চিমবঙ্গে বিধানসভা নির্বাচনের প্রস্তুতি খতিয়ে দেখতে নির্বাচন কমিশনের পূর্ণাংগ বেঞ্চ এরাজ্য সফরে আসবেন রবিবার।

৭। ICC-র T-20 ক্রিকেট বিশ্বকাপের ফাইনালে আগামী রবিবার ভারত নিউজিল্যান্ডের মুখোমুখি হবে।

---

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেছেন, কৃষিক্ষেত্র ভারতীয় অর্থনীতির মেরুদণ্ড এবং দেশের দীর্ঘমেয়াদি উন্নয়নী যাত্রাপথের গুরুত্বপূর্ণ কৌশলী স্তম্ভ। কৃষি ও গ্রামীণ রূপান্তরের বিষয়ে বাজেট পরবর্তী এক ওয়েবিনারে ভিডিও কনফারেন্সে তিনি বলেছেন যে সরকার কৃষিক্ষেত্রকে মজবুত করতে লাগাতার বহু পদক্ষেপ করেছে। এবছরের কেন্দ্রীয় বাজেটে কৃষি ও গ্রামীণ রূপান্তরের ওপর বিশেষ জোর দেওয়া হয়েছে বলেও তিনি উল্লেখ করেন। খাদ্য শস্য, ডাল এবং তেলবীজ উৎপাদনে দেশ বর্তমানে রেকর্ড সাফল্য অর্জন করেছে বলে প্রধানমন্ত্রী মন্তব্য করেন।

বাইট – পিএম কৃষি

শ্রী মোদী রাসায়নিক সার মুক্ত কৃষিকাজ ও প্রাকৃতিক কৃষিতে আরও জোরদার করার প্রয়োজনীয়তার ওপর আলোকপাত করে বলেন, রপ্তানির ওপর জোর দেওয়ার জন্যই এগুলি করতে হবে। ২০২৬-২০২৭-এর কেন্দ্রীয় বাজেটে উচ্চমূল্যের কৃষিপণ্যের ওপর সরকার জোর দিয়েছে বলে উল্লেখ করে শ্রী মোদী বলেন, পিএম কিষাণ সম্মান নিধি যোজনার আওতায় প্রায় ১০ কোটি কৃষক চার লক্ষ কোটি টাকারও বেশি পেয়েছে। প্রধানমন্ত্রী ফসল বিমা যোজনার আওতায় ২ লক্ষ কোটি টাকারও বেশি দাবি নিষ্পত্তি

হয়েছে। প্রধানমন্ত্রী আরও বলেন, সরকার প্রায় ৯ কোটি ডিজিটাল কৃষক পরিচয় পত্র তৈরি করেছে।

(বাইট – এমএসপি রিফর্ম )

কাজু, নারকেল, চন্দন কাঠ, আমন্ড, আঠরোঠের মতো উচ্চমূল্য যুক্ত কৃষিপণ্যের চাষাবাদের ওপর জোর দিতে এই বাজেট পরবর্তী ওয়েবিনারের আয়োজন করা হয়েছে। এতে পশুপালন, মৎস্যচাষের জন্য আমৃত সরোবর প্রকল্প সহ স্বনির্ভর উদ্যোগের মাধ্যমে গ্রামীণ মহিলাদের পণ্যের বাজার সম্প্রসারিত করার বিষয়ে আলোচনা হবে।

--------------

পশ্চিম এশিয়ার সংঘাতের আজ সপ্তম দিন। ইরান এবং মার্কিন-ইসরায়েল বাহিনী নতুন করে অভিযান চালিয়েছে। ইজরায়েলী প্রতিরক্ষা বাহিনী আইডিএফ ইরানের বেশ কয়েকটি ক্ষেপণাস্ত্র ধ্বংস করেছে। বাহেরিন জানিয়েছে রাজধানী মানামায় ইরান একটি হোটেল এবং দুটি আবাসিক ভবন লক্ষ্য করে হামলা চালিয়েছে, তবে কোনও প্রাণহানির খবর পাওয়া যায়নি। সে দেশের স্বরাষ্ট্র মন্ত্রক জানিয়েছে ইরানের সমর্থনে ভিডিও তৈরির জন্য ৪ জনকে গ্রেপ্তার করা হয়েছে।

সংযুক্ত আরব আমিরশাহীর বিমানবাহিনীর প্রতিরক্ষা ব্যবস্থাপনা গতকাল সাতটি ব্যালিস্টিক ক্ষেপণাস্ত্র শনাক্ত করে ছটি ধ্বংস করেছে। একটি ক্ষেপণাস্ত্র দেশের অভ্যন্তরে পড়েছে। পাশাপাশি ১৩১টি ড্রোন হামলা চালিয়েছে ইরান। এর মধ্যে ১২৫টি প্রতিহত করা গেলেও ছয়টি সংযুক্ত আরব আমিরশাহের ভূখণ্ডের মধ্যে পড়েছে।

অন্যদিকে, ইজরায়েলী অভিযানে বৈরুটে হিজবুল্লাহ কমান্ডার জায়েদ আলী জুমা প্রাণ হারিয়েছে। তাদের নৌবাহিনী ত্রিপোলি এলাকায় হামাস কমান্ডার ওয়াসিম আত্তাল্লাহ

আলীকেও হত্যা করে। আলী লেবাননে সংগঠনের সামরিক শাখার প্রশিক্ষণ এবং অনুশীলনের দায়িত্বে ছিল।

মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প ইরানের ইসলামিক রেভোলিউশনারি গার্ড কোরকে অস্ত্র সমর্পণের আহ্বান জানিয়েছেন।

--------------

কাতারের প্রতিরক্ষা মন্ত্রক আজ জানিয়েছে, দোহার আল ওদেইদ বায়ুসেনা ঘাঁটি লক্ষ্য করে একটি ড্রোন হামলা তারা সফলভাবে আটকে দিতে পেরেছে। পশ্চিম এশিয়ায় আল ওদেইদ হল মার্কিন যুক্তরাষ্ট্রের বৃহত্তম সামরিক ঘাঁটি। কাতারের অভ্যন্তরীণ মন্ত্রক জানিয়েছে, বিপদের আকঙ্কা এড়ানো গেছে। পরিস্থিতি স্বাভাবিক হয়ে আসছে। এর আগে জরুরি সর্তকতার সময় বাসিন্দাদের ঘরবন্দি হয়ে থাকার নির্দেশ দেওয়া হয়েছিল।

--------------

দিল্লি বিমানবন্দর কর্তৃপক্ষ পশ্চিম এশিয়ার বর্তমান উত্তেজনার পরিপ্রেক্ষিতে যাত্রীদের জন্য বিশেষ নির্দেশিকা জারি করেছে। তাতে বলা হয়েছে, পশ্চিম এশিয়ামুখী আন্তর্জাতিক উড়ান দেরিতে ছাড়তে পারে কিংবা যাত্রাসূচিতে পরিবর্তন হতে পারে। বিমানবন্দর যাওয়ার আগে যাত্রীদের সংশ্লিষ্ট বিমান সংস্থার সঙ্গে কথা বলে সর্বশেষ পরিস্থিতি জেনে নিতে অনুরোধ করা হয়েছে। যাত্রীদের এও বলা হয়েছে, যেকোনও খবরের সত্যতা তারা যেন সরকারিভাবে যাচাই করে নেয়। প্রয়োজনে বিমানবন্দরের কাছে থেকে যাওয়ার ব্যবস্থা করতেও বলা হয়েছে।

--------------

বিদেশ মন্ত্রকের পশ্চিমের দেশগুলির দায়িত্বপ্রাপ্ত সচিব সিবি জর্জ জানিয়েছেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী এবং ফিনল্যান্ডের রাষ্ট্রপতি আলেকজান্ডার স্ট্যাব পশ্চিম এশিয়ার বর্তমান পরিস্থিতি নিয়ে আলোচনা করেছেন। নতুনদিল্লিতে সাংবাদিকদের এক প্রশ্নের জবাবে শ্রী জর্জ বলেন , উভয় নেতা ভারত ও ফিনল্যান্ড-ের পারস্পরিক স্বার্থ সংশ্লিষ্ট আঞ্চলিক ও আন্তর্জাতিক নানা বিষয়ে আলোচনা করেছেন। ইউক্রেন সংঘাতও আলোচনায় স্থান পেয়েছে।

শ্রী জর্জ বলেছেন। ডিজিটাল প্রযুক্তির উদ্ভাবনে ফিনল্যান্ডের উন্নত ক্ষমতা ভারতের ডিজিটাল সংস্কারের উদ্যোগের সঙ্গে সুসংগত।

5G ও 6G, কোয়ান্টাম কমিউনিকেশনস , উচ্চ-কার্যক্ষমতা সম্পন্ন কোয়ান্টাম কম্পিউটিং এবং কৃত্রিম বুদ্ধিমত্তার মতো নতুন নতুন উদীয়মান প্রযুক্তিতে সহযোগিতা প্রসারিত করার ডিজিটালাইজেশন কাজ করার জন্য উপর একটি যৌথ কর্মী গোষ্ঠী গঠন করা হয়েছে।

বাইট- সিবি জর্জ

--------------

বিদেশ প্রতিমন্ত্রী কীর্তি বর্ধন সিং বলেছেন দক্ষিনী বিশ্বের জন্য একটি স্থিতিশীল সামুদ্রিক উন্নয়ন অপরিহার্য। নতুন দিল্লিতে রাইসিনা ডায়লগ ২০২৬ এর দ্বিতীয় দিনে বক্তব্য রাখতে গিয়ে তিনি জোর দিয়ে বলেন ভারত সর্বদাই জাতীয় স্বার্থকে সামনে রেখে সিদ্ধান্ত নিয়ে থাকে।মন্ত্রী আরও বলেন , ভারত ইন্দো-প্রশান্ত মহাসাগরের বর্তমান পরিস্থিতি পরিবর্তনের যে প্রচেস্টা তারও বিরোধিতা করে ।শ্রী সিং উল্লেখ করেছেন যে

ইউক্রেন বা পশ্চিম এশিয়া, সব ক্ষেত্রেই ভারত সংযোগ এবং স্থিতিশীলতা বৃদ্ধির জন্য পারস্পরিক কূটনৈতিক আলোচনার ওপর নির্ভর করে।

--------------

মার্কিন বিদেশ দফতর জানিয়েছে, আমেরিকা এবং ভেনেজুয়েলা কূটনৈতিক এবং বাণিজ্য দূতাবাসের সংক্রান্ত সম্পর্ক পুনরায় স্থাপন করতে সম্মত হয়েছে। ২০১৯-এর জানুয়ারি মাসে ভেনেজুয়েলা মার্কিন যুক্তরাষ্ট্রের সঙ্গে সম্পর্ক ছিন্ন করেছিল। ভেনেজুয়েলার অভ্যন্তরীণ বিষয়ে মার্কিন যুক্তরাষ্ট্র লাগাতার হস্তক্ষেপ করেছিল এই কারণেই ভেনেজুয়েলার এই সিদ্ধান্ত ছিল। ওই একই বছরে ভেনেজুয়েলার মার্কিন দূতাবাস থেকে সব কূটনৈতিক কর্মীদের সরিয়ে দেওয়া হয়।

উল্লেখ্য, এবছর জানুয়ারি মাসে মার্কিন সামরিক বাহিনী আচমকা ভেনেজুয়েলার ওপর আক্রমণ চালিয়ে রাষ্ট্রপতি নিকোলাস মাদুরো এবং তাঁর স্ত্রীকে বন্দি করে মার্কিন যুক্তরাষ্ট্রে নিয়ে যায়। জানুয়ারির ৩১ তারিখে মার্কিন প্রতিনিধিদের একটি দল ক্যারাকাসে গিয়ে পৌঁছে দুদেশের মধ্যে কূটনৈতিক যোগাযোগের কাজ শুরু করে।

--------------

নবম আন্তর্জাতিক সাঁওতাল আদিবাসী সম্মেলনে যোগ দিতে রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু আগামীকাল পশ্চিমবঙ্গ সফরে আসছেন। রাষ্ট্রপতির সচিবালয় থেকে প্রকাশিত সংশোধিত সফরসূচি অনুযায়ী, তিনি বাগডোগরা বিমানবন্দরে নেমে সড়কপথে বিধাননগরের গোঁসাইপুর সংলগ্ন এয়ারপোর্ট অথরিটি অফ ইন্ডিয়ার ময়দানে আয়োজিত অনুষ্ঠানস্থলে পৌঁছবেন। সম্মেলনে প্রধান অতিথি হিসেবে ভাষণ দেওয়ার পাশাপাশি রাষ্ট্রপতি সেখানে একটি শাল চারা রোপণ করবেন। অনুষ্ঠান শেষে দুপুরে তিনি দিল্লির

উদ্দেশে রওনা দেবেন। রাষ্ট্রপতির এই সফরকে কেন্দ্র করে শিলিগুড়ি ও সংলগ্ন বিধাননগর এলাকায় নিরাপত্তা ব্যবস্থা জোরদার করা হয়েছে।

-------------

রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু বিভিন্ন রাজ্যে রাজ্যপাল এবং কেন্দ্রশাসিত অঞ্চলে উপরাজ্যপাল নিয়োগ করেছেন। হিমাচল প্রদেশের রাজ্যপাল শিব প্রতাপ শুক্লাকে তেলেঙ্গানার রাজ্যপাল নিযুক্ত করা হয়েছে। তেলেঙ্গানার রাজ্যপাল জিষ্ণু দেব বর্মাকে মহারাষ্ট্রের রাজ্যপাল নিযুক্ত করা হয়েছে। বিহার বিধানসভার প্রাক্তন অধ্যক্ষ নন্দ কিশোর যাদবকে নাগাল্যান্ডের রাজ্যপাল হিসেবে নিযুক্ত করা হয়েছে। অবসরপ্রাপ্ত লেফটেন্যান্ট জেনারেল সৈয়দ আতা হাসনাইন হবেন বিহারের রাজ্যপাল। তামিলনাড়ুর রাজ্যপাল আর.এন. রবিকে পশ্চিমবঙ্গের রাজ্যপাল নিযুক্ত করা হয়েছে। কেরালার রাজ্যপাল রাজেন্দ্র বিশ্বনাথ আরলেকার তামিলনাড়ুর রাজ্যপালের দায়িত্ব পালন করবেন। রাষ্ট্রপতি পশ্চিমবঙ্গের রাজ্যপাল ড. সি.ভি. আনন্দ বোসের পদত্যাগপত্র গ্রহণ করেছেন। লাদাখের উপরাজ্যপাল কবিন্দর গুপ্তকে হিমাচল প্রদেশের রাজ্যপাল নিযুক্ত করা হয়েছে। দিল্লির উপরাজ্যপাল বিনয় কুমার সাক্সেনাকে লাদাখের উপরাজ্যপাল হিসেবে নিযুক্ত করা হয়েছে। প্রাক্তন কূটনীতিক তরণজিৎ সিং সান্ধুকে দিল্লির উপরাজ্যপাল নিযুক্ত করা হয়েছে।

-------------

বিধানসভা নির্বাচনের প্রস্তুতি খতিয়ে দেখতে আগামী রবিবার রাজ্যে আসছে নির্বাচন কমিশনের পূর্ণাঙ্গ বেঞ্চ। কমিশনের পক্ষ থেকে রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিকের দপ্তরে পাঠানো এক চিঠিতে জানানো হয়েছে, মুখ্য নির্বাচন কমিশনার জ্ঞানেশ কুমারের নেতৃত্বে পূর্ণাঙ্গ বেঞ্চ ওই দিন রাতে কলকাতা বিমান বন্দরে পৌঁছবেন। পরদিন তাঁরা

প্রথমে স্বীকৃত জাতীয় ও রাজ্য স্তরের দলগুলির প্রতিনিধি এবং আইন বলবতকারী সংস্থাগুলির নোডাল অফিসারদের সঙ্গে বৈঠক করবেন। পাশাপাশি আইনশৃঙ্খলা পরিস্থিতি, কেন্দ্রীয় বাহিনী মোতায়েন, সংকটপ্রবণ বুথ চিহ্নিত করা সহ বিভিন্ন বিষয়ে কমিশনের সদস্যরা কথা বলবেন, IG, DIG, পুলিশ কমিশনার, পুলিশ সুপার ও জেলা নির্বাচনী আধিকারিকদের সঙ্গে।

১০'ই মার্চ নির্বাচন কমিশনের পূর্ণাঙ্গ বেঞ্চ বৈঠক করবেন প্রশাসনের শীর্ষ আধিকারিকদের সঙ্গে। ওইদিনই ব্লক লেভেল আধিকারিকদের সঙ্গেও তাঁদের মতবিনিময় করার কথা।

এদিকে, ৮'ই মার্চ রবিবারই দিল্লি থেকে কলকাতায় পৌছবেন সিনিয়ার ডেপুটি ইলেকশন কমিশনার জ্ঞানেশ ভারতীর নেতৃত্বে একটি প্রতিনিধি দল'ও। ওই দলে থাকছেন প্রিন্সিপাল সেক্রেটারি এস বি যোশী, ডিরেক্টর মনোজ সী ও ডেপুটি সেক্রেটারি অভিনব আগরওয়াল। এই দলটি ভোটের প্রস্তুতি এবং নির্বাচন কমিশনের কর্মসূচি নিয়ে রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিকের দপ্তরের সঙ্গে সমন্বয় সাধন করবে।

--------------

SIR প্রক্রিয়ায় বিচারাধীন থাকা প্রায় ৬০ লক্ষ মামলার নিষ্পত্তিতে আরো দুশো জন অতিরিক্ত বিচারককে নিয়োগ করা হচ্ছে। যাচাই প্রক্রিয়ায় আরও গতি আনতে প্রতিবেশী ওড়িশা ও ঝাড়খণ্ড থেকে এই বিচারকদের আনা হচ্ছে বলে রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিক এর দপ্তর সূত্রে জানা গিয়েছে। তাঁদের দুই ২৪ পরগণা, দুই বর্ধমান, হাওড়া, হুগলি, নদীয়া এবং বীরভূম জেলায় কাজে লাগানো হবে। বর্তমানে প্রায় সাড়ে পাঁচশো বিচারক এই মামলাগুলির নিষ্পত্তির কাজ করছেন। নির্বাচন কমিশন সূত্রে জানা

গিয়েছে, বিচারাধীন মামলাগুলির দ্রুত নিষ্পত্তির লক্ষ্যে প্রশাসনিক স্তরে বিভিন্ন পদক্ষেপ নেওয়া হচ্ছে। প্রায় ছয় লক্ষ মামলার ইতিমধ্যেই নিষ্পত্তি হয়েছে।

এদিকে বিচারাধীন মামলাগুলির অগ্রগতি পর্যালোচনা করতে গতসন্ধ্যায় কলকাতা হাইকোর্টের প্রধান বিচারপতি সুজয় পালের সঙ্গে ভিডিও কনফারেন্সের মাধ্যমে বৈঠক করেন রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিক মনোজ কুমার আগরওয়াল। সেই বৈঠকেই এই প্রক্রিয়ায় আরও গতি আনার জন্য প্রয়োজনীয় পদক্ষেপ নিয়ে আলোচনা হয়েছে বলে জানা গিয়েছে।

--------------

টি -২০ ক্রিকেট বিশ্বকাপের ফাইনালে আগামী রবিবার ভারত নিউজিল্যান্ডের মুখোমুখি হবে। আহমেদাবাদের নরেন্দ্র মোদী স্টেডিয়ামে খেলা শুরু হবে সন্ধ্যে ৭টায়।

মুম্বইয়ের ওয়াখেড়ে স্টেডিয়ামে গতকাল দ্বিতীয় সেমিফাইনাল ম্যাচে ইংল্যান্ডকে ৭ রানে হারিয়ে গতবারের চ্যাম্পিয়ন ভারত চতুর্থবার টি -২০ বিশ্বকাপের ফাইনালে পৌঁছেছে।

--------------

আইএসএল ফুটবলে আজ মোহনবাগান সুপার জায়ান্ট, ওড়িশা এফসি'র মুখোমুখি হবে। যুব ভারতী ক্রীড়াঙ্গনে খেলা শুরু হবে বিকেল পাঁচটায়।

মোহনবাগান টানা তিন ম্যাচে জিতে ৯ পয়েন্ট সংগ্রহ করে লিগ টেবিলের শীর্ষে রয়েছে। অন্যদিকে, ওড়িশার দুই ম্যাচে পয়েন্ট দুই। এখনও তারা জয়ের মুখ দেখেনি।

------------- -------------